গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

| | |
|---|---|
| **সভাপতি** | **জনাব মুহঃ রাশেদুল হক প্রধান**<br>জেলা প্রশাসক, লালমনিরহাট |
| **বিষয়** | **আগস্ট ২০২৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী** |
| তারিখ ও সময় | ১৭ আগস্ট ২০২৬ খ্রি., সকাল- ১১:০০ টা |
| স্থান | সার্কিট হাউজ, লালমনিরহাট |
| সূত্র | মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার স্মারক নং- ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১৮.১৫-৩৮৪<br>তারিখ: ০১ অক্টোবর ২০১৫ |

উপস্থিতি: সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

২.১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:

জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাটকে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর জন্য অনুরোধ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট গত ১৯ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন ও পরিমার্জন করার বিষয় না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২.২। দপ্তরভিত্তিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | ওয়েবপোর্টাল হালনাগাদ কার্যক্রম | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, জেলা পর্যায়ের ৭০ টি দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদের জন্য নিয়মিত তাগিদ ও প্রয়োজনে কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। সর্বশেষ পর্যবেক্ষণে ৬৯ টি দপ্তরের ওয়েবপোর্টালে ০৭ টি প্রয়োজনীয় সূচক/মেন্যুর সবগুলোই হালনাগাদ পাওয়া গেছে এবং অবশিষ্ট ০১ টি দপ্তর জেলা ত্রাণ ও পুর্নবাসন অফিস, লালমনিরহাট এর অধিকাংশ সূচক/মেন্যু হালনাগাদ আছে, শুধু নোটিশ বোর্ড হালনাগাদ নেই। ওয়েবপোর্টাল হালনাগাদের বিষয়ে নিয়মিত কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। সভায় ওয়েবপোর্টাল হালনাগাদ বিষয়ে নিয়মিত কারিগরি সহায়তা প্রদান সংক্রান্ত আলোচনা করা হয়। | ১। প্রতি মাসে ০৫ টি অফিস পরিদর্শনপূর্বক ওয়েবপোর্টাল হালনাগাদ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। সকল অফিস প্রধানকে নিয়মিত স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান<br>২। প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ লালমনিরহাট<br>৩। সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সকল) লালমনিরহাট |
| ২. | ডি- নথি সংক্রান্ত | প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলা পর্যায়ের ৬৪ টি দপ্তর ডি-নথি সিস্টেমের লাইভ সার্ভারে যুক্ত রয়েছে। ডি-নথি ব্যবহার ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন দপ্তরকে ডি-নথি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে ও এ সকল দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগের মাধ্যমে নথি সিস্টেম ব্যবহারে উদ্বুদ্ধ করাসহ কারিগরি সহায়তা প্রদান করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে ডি-নথিতে পত্র নিষ্পন্নকরণ অব্যাহত আছে। সকল দপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ করে নথি সিস্টেম ব্যবহারে উদ্বুদ্ধ করাসহ কারিগরি সহায়তা প্রদান অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সকল কাজ ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে।<br>২। লাইভে থাকা সকল অফিসের চিঠিপত্রের কার্যক্রম ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ লালমনিরহাট |

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/প্রতিষ্ঠান</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.</td><td>জেলা পরিষদ<br>লালমনিরহাট</td><td>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট সভায় জানান যে, উন্নয়ন প্রকল্পসমূহের কাজের গুণগতমান বজায় রেখে নির্মাণ/সংস্কার কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করা হচ্ছে। ভোটমারী হতে বড়বাড়ী পর্যন্ত রাস্তা প্রশস্তকরণে রাস্তার দু'ধারে বিভিন্ন প্রজাতির ১৪৩৮ টি চিহ্নিত গাছ কর্তনের জন্য বন বিভাগ কর্তৃক মূল্য তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপির বরাদ্দকৃত ৭,৫০,৮০,০০০/- টাকা দ্বারা গৃহীত ১৯৭ টি প্রকল্প স্থানীয় সরকার বিভাগ হতে অনুমোদন পাওয়া গেছে। লালমনিরহাট জেলা শহরে জেলা পরিষদ ডাকবাংলো চত্বরে ৪ (চার) তলা বিশিষ্ট আধুনিক ডাকবাংলো নির্মাণ প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৫,৩১,৩২,০১০/-, চুক্তিমূল্য ৪,৮১,৭৮,৮০৯/- অগ্রগতি ৪০%। আদিতমারী উপজেলায় একটি আধুনিক ৪ (চার) তলা বিশিষ্ট ডাকবাংলো নির্মাণ প্রকল্পের প্রাক্কলিত মূল্য ৫,০৭,১৬,২৮০/-, চুক্তিমূল্য ৪,৫৬,৪৪,৬৫২/- অগ্রগতি ৩৫%। সভায় মিশনমোড় হতে কুলাঘাট পর্যন্ত রাস্তা প্রশস্তকরণে রাস্তার দু'ধারে ১৫০ টি বিভিন্ন প্রজাতির গাছ চিহ্নিত করে বন বিভাগ কর্তৃক মূল্য তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।</td><td>১। উন্নয়ন প্রকল্পসমূহের কাজের গুণগতমান বজায় রেখে নির্মাণ/সংস্কার কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। মিশনমোড় হতে কুলাঘাট পর্যন্ত রাস্তা প্রশস্তকরণে রাস্তার দু'ধারে ১৫০ টি বিভিন্ন প্রজাতির গাছ চিহ্নিত করে বন বিভাগ কর্তৃক মূল্য তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>১। প্রধান নির্বাহী কর্মকর্তা<br>জেলা পরিষদ<br>লালমনিরহাট<br><br>২। সহকারী বন সংরক্ষক<br>লালমনিরহাট</td></tr>
<tr><td>৪.</td><td>লালমনিরহাট<br>পৌরসভা<br>লালমনিরহাট</td><td>প্রশাসক, লালমনিরহাট পৌরসভা নিম্নোক্তভাবে তাঁর দপ্তরের দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম উপস্থাপন করেন:<br>গত সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম চলমান রয়েছে। জুলাই মাসে সম্পাদিত দাপ্তরিক কার্যক্রম: ১। ০-১ বছরের শিশুর নিবন্ধন সংখ্যা- ৭২ জন; ২। হোল্ডিং থেকে আয় ১৭,৯০,৫১৬/- টাকা; ৩। ট্রেড লাইসেন্স থেকে আদায় ১৫,৭৪,৪৭৫/- টাকা; ৪। পানির বিল আদায় ২,৩৭,২০৯/- টাকা; ৫। নাগরিক, চারিত্রিক, ওয়ারিশ সনদ থেকে আদায় ৬৫,৫০০/-টাকা; ৬। সার্ভে থেকে আদায় ৩৮,০০০/- টাকা।<br>২০২৫-২০২৬ অর্থবছরসহ চলমান ২০২৬-২০২৭ অর্থবছরে গৃহীত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ নিম্নরূপ-<br>ক) কোভিড-১৯ প্রকল্পে ৯ টি প্যাকেজে ৫৪ টি রাস্তা ও ড্রেন নির্মাণ, মোট বরাদ্দ ৯,৬৩,৭৪,৯৭২/-টাকা। ৯ টি প্যাকেজের ৫৪ টি কাজ সমাপ্ত হয়েছে। বাস্তবায়নের হার ১০০%।<br>খ) রংপুর বিভাগের ৯ (নয়) পৌরসভা প্রকল্প হতে প্রাপ্ত বরাদ্দ দ্বারা এ পৌরসভার ৯ টি ওয়ার্ডে ১৮ টি প্যাকেজে ৩৭ টি প্রকল্পের রাস্তা ও ড্রেন নির্মাণ বাবদ প্রাপ্ত বরাদ্দ/চুক্তিমূল্য ৫৩৩০.৭৭ লক্ষ টাকা; ৬ টি প্যাকেজের কাজ সমাপ্ত, ১২ টি প্যাকেজের কাজ চলমান। বাস্তবায়নের হার ৭০%।<br>গ) ২০২৫-২০২৬ অর্থবছরেরে এডিপি প্রকল্পে ১৪ টি প্যাকেজে ৩৯ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট বরাদ্দ ১৯১.৪৬ লক্ষ টাকা। সভায় পৌরসভার আওতায় বৃষ্টি ও বজ্রপাতে নষ্ট লাইটগুলো দ্রুত পরিবর্তন/ মেরামত, পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা উন্নতকরণ এবং ময়লা স্থানান্তরের জন্য নতুন গাড়ির চাহিদা প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>১। গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। পৌরসভার আওতায় বৃষ্টি ও বজ্রপাতে নষ্ট লাইটগুলো দ্রুত পরিবর্তন/ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা উন্নতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। পৌরসভার ময়লা স্থানান্তরের জন্য নতুন গাড়ির চাহিদা সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করতে হবে।</td><td>প্রশাসক<br>লালমনিরহাট পৌরসভা<br>লালমনিরহাট</td></tr>
<tr><td>৫.</td><td>পাটগ্রাম<br>পৌরসভা<br>লালমনিরহাট</td><td>প্রশাসক, পাটগ্রাম পৌরসভা, লালমনিরহাট সভায় নিম্নোক্তভাবে তাঁর দপ্তরের দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম উপস্থাপন করেন:<br>সিদ্ধান্তের আলোকে কার্যক্রম চলমান রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে গুরুত্বপূর্ণ প্রকল্প/ কর্মসূচি:
<table>
<tr><th>প্রকল্প/ কর্মসূচির নাম</th><th>মোট বরাদ্দ</th><th>বাস্তবায়িত প্রকল্প/ কর্মসূচি</th><th>বাস্তবায়ন হার শতকরা</th></tr>
<tr><td>IUGIP</td><td>২৭,০০,০০,০০০/-</td><td>৩টি</td><td>৭৬%</td></tr>
<tr><td>COVID</td><td>২,৪২,০০,০০০/-</td><td>৩টি</td><td>৯০%</td></tr>
</table></td><td>১। গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। সকল উন্নয়ন কাজ পরিবীক্ষণ করে বিল পাস করতে হবে।</td><td>প্রশাসক<br>পাটগ্রাম পৌরসভা<br>লালমনিরহাট</td></tr>
</table>

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ADP ৯০,১৮,০০০/- ৫টি ৯৫%<br>IUGIP এর গৃহীত ৩ টি প্রকল্পের মধ্যে ১ টি প্রকল্পের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২টি প্রকল্পের কাজ ৬৮% শেষ হয়েছে। COVID এর ৩টি প্রকল্পের মধ্যে ২ টি প্রকল্পের কাজ ১০০% এবং ৩য় প্রকল্পের কাজ ৭৫% সম্পন্ন হয়েছে। ADP এর ০৫ টি প্রকল্পের মধ্যে ০৩ টি প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০২ টি প্রকল্পের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। সভায় গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত সম্পন্নকরণ বিষয়ে আলোচনা করা হয়। | | |
| ৬. | পুলিশ বিভাগ লালমনিরহাট | পুলিশ সুপার, লালমনিরহাট, সভায় জানান যে, জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। পাটগ্রাম থানা ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে। এ দপ্তরসহ অধীনস্থ সকল থানার ওয়েবপোর্টাল হালনাগাদ করা হয়েছে। সরকারি দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের কাজে কোন ব্যক্তি যাতে বাধার সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সংবাদ পাওয়া মাত্র আইনগত ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। সভায় সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গাড়ি দ্রুত সরানোর জন্য র‍্যাকার গাড়ি বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। | ১। জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গাড়ি দ্রুত সরানোর জন্য র‍্যাকার গাড়ি বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার লালমনিরহাট |
| ৭. | আনসার ও ভিডিপি লালমনিরহাট | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, লালমনিরহাট জেলার ০৫ টি উপজেলার প্রত্যেকটি ইউনিয়নের আনসার ও ভিডিপি সদস্যদের নিয়ে মাদকদ্রব্য ও চোরাচালান, বাল্যবিবাহ, নারী-শিশু নির্যাতন, মানবপাচার, গরু চুরি, ইভটিজিং, ডাকাতি বিরোধী সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসাবে ০৫ টি সচেতনতামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১। দাপ্তরিক কাজ যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি লালমনিরহাট |
| ৮. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লালমনিরহাট | উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, লালমনিরহাট সভায় জানান যে, জেলায় অগ্নিকান্ডের সংখ্যা ৯ টি, অগ্নিকান্ডে আনুমানিক ক্ষতি ৫,০৯,০০০/- টাকা; অগ্নিকান্ডে আনুমানিক উদ্ধার ১১,১০,০০০/-টাকা; সড়ক দুর্ঘটনা ও অন্যান্য ১৪ টি, আহত উদ্ধার ১৪ জন এবং নিহত ০১ জন। সভায় জনগণকে দ্রুত সেবা প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | জনগণকে দ্রুত সেবা প্রদান করতে হবে। | উপসহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স লালমনিরহাট |
| ৯. | সিভিল সার্জনের কার্যালয় লালমনিরহাট | সিভিল সার্জন, লালমনিরহাট সভায় জানান যে, হাম, HPV, TCV রুটিন ইপিআই কেন্দ্রগুলোতে দেয়া হয়। বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার নিয়মিতভাবে পরিদর্শন, মোবাইল কোর্ট পরিচালনা ও তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। ০৯ টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২৯,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। জেলায় অ্যান্টিরেবিস ভ্যাকসিন, ডেঙ্গু কিট মজুদ আছে এবং নিয়মিত ডেঙ্গু টেস্ট কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে জেলা ও উপজেলা পর্যায়ে অদ্যাবধি ডেঙ্গু রোগীর সংখ্যা ৫২ জন, ভর্তি ০২ জন, ছাড়পত্র ৫০ জন। জেলার বন্যা পরিস্থিতি স্বাভাবিক এবং বন্যা পরিস্থিতি মোকাবেলায় জেলা ও উপজেলা পর্যায়ে ৬ টি কন্ট্রোল রুম ও ৪৫ টি মেডিকেল টিম গঠন করা হয়েছে। সভায় ডেঙ্গু মোকাবেলায় সকল দপ্তর/ প্রতিষ্ঠানের প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়। | ১। স্বাস্থ্য বিষয়ক জনসচেতনতা বৃদ্ধি ও সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।<br>২। ডেঙ্গু মোকাবেলায় সকল দপ্তর/ প্রতিষ্ঠানের প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিভিল সার্জন লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল লালমনিরহাট | তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল লালমনিরহাট নিম্নোক্তভাবে তাঁর দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:<br>অপারেশনের তথ্য:-১. জেনারেল সার্জারি মেজর অপারেশন- ৪৯ টি, ২. জেনারেল সার্জারি মাইনর অপারেশন- ৩৮ টি, ৩. জরুরি বিভাগ (লোকাল)- ১২২৪ টি, ৪. সিজারিয়ান সেকশন (মেজর অপারেশন)- ১১ টি, ৫. D & C (মাইনর অপারেশন)- ০ টি, নরমাল ডেলিভারি- ৬৫ টি,<br>রোগীর পরিসংখ্যান: জরুরি বিভাগ- ৫৯২৮ জন; অন্তঃবিভাগ ৩২৫০ জন ও বহিঃবিভাগ- ৩০৫২১ জন।<br>গৃহীত গুরুত্বপূর্ণ/অন্যান্য উন্নয়ন প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ০১ টি (বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প)। মোট বরাদ্দ ২,৭১,০০,০০০/- টাকা। বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংখ্যা- ০১ টি। বাস্তবায়নের হার ৯০%। সভায় শিশু ওয়ার্ডের জন্য সেন্ট্রাল অক্সিজেন লাইন দ্রুত মেরামত করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। হাসপাতালে আগত সকল রোগীকে সঠিকভাবে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>২। শিশু ওয়ার্ডের জন্য সেন্ট্রাল অক্সিজেন লাইন দ্রুত মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল |
| ১১. | পরিবার পরিকল্পনা বিভাগ লালমনিরহাট | সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে গৃহীত পরিবার পরিকল্পনা কার্যক্রম: মোট সক্ষম দম্পতি ২,৭৯,৫৬৬ জন। ক) স্থায়ী পদ্ধতি: প্রজেকশন-৬৪৪ জন, খ) আইইউডি: প্রজেকশন- ২,০২৭ জন, অর্জন ১৮, হার-১.৭৫% গ) ইমপ্ল্যান্টঃ, প্রজেকশন- ৪,৭০০ জন, ঘ) খাবার বড়ি (চক্র): ১৭,৩১৫, ঙ) কনডম – ২৬,৩০৩ পিস, চ) ইনজেক টেবলস- ২০৯ ভায়াল। সভায় মা ও শিশুকল্যাণ কেন্দ্রে সকল সেবা চালু রাখা এবং শিশুদের জন্ম নিবন্ধন করার বিষয়ে প্রচার/প্রচারণা চালানোর বিষয়ে আলোচনা করা হয়। | মা ও শিশুকল্যাণ কেন্দ্রে সকল সেবা চালু রাখা এবং শিশুদের জন্ম নিবন্ধন করার বিষয়ে প্রচার/প্রচারণা চালাতে হবে। | উপপরিচালক পরিবার পরিকল্পনা বিভাগ লালমনিরহাট |
| ১২. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর লালমনিরহাট | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, লালমনিরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, সার সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে যেন বেশি মূল্যে বিক্রি না হয় সে বিষয়ে নিয়মিত মনিটরিংসহ মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। কৃষক কার্ডের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। সংগৃহীত কৃষকের তথ্য ১৬,৪২৭ জন, ভেরিফিকেশনকৃত কৃষক কার্ডের সংখ্যা ৭,৭৮২ জন এবং অনুমোদিত কৃষক কার্ডের সংখ্যা ৩,৭৯৬ টি। সভায় ‘কৃষক কার্ড’ বিষয়ে প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং সারের মজুদ রোধে নিয়মিত মামলা দায়ের করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। সারের মূল্য সরকার নির্ধারিত মূল্যের চেয়ে যেন বেশি মূল্যে বিক্রি না হয় তা পরিবীক্ষণে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। ‘কৃষক কার্ড’ বিষয়ে প্রচারণা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। সারের মজুদ রোধে নিয়মিত মামলা দায়ের করতে হবে। | ১। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর লালমনিরহাট<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট |
| ১৩. | জেলা মৎস্য বিভাগ লালমনিরহাট | জেলা মৎস্য কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এর আওতায় জুলাই মাসে লালমনিরহাট জেলার বিভিন্ন উপজেলায় ০৪ টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৩,০০,০০০ মিটার কারেন্ট জাল, ফিক্সড ইঞ্জিন ৪,০০০ মিটার, চায়না জাল ১১,৯০০ মিটার জব্দ ও বিনষ্ট করা হয়েছে এবং ৫০০/- টাকা জরিমানা করা হয়েছে। ২৪০ কেজি নিষিদ্ধ পিরানহা মাছ জব্দ ও ৩০,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। ১২ টি অভিযান, ২১ টি হাট-বাজার পরিদর্শন ও ১০ টি গণসচেতনতা সভা পরিচালনা করা হয়েছে। সভায় অবৈধ কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করার লক্ষ্যে আরও বেশি মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। | ১। মা ও পোনা মাছ রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। অবৈধ কারেন্ট জাল জব্দ ও বিনষ্ট করার লক্ষ্যে মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধি করতে হবে। | ১। জেলা মৎস্য কর্মকর্তা লালমনিরহাট<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৪. | জেলা প্রাণিসম্পদ বিভাগ লালমনিরহাট | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, বন্যা ও দুর্গত এলাকায় গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষায় মেডিকেল টিম কাজ করছে এবং ভ্যাক্সিনেশন কার্যক্রম চলমান। সভায় বন্যা ও দুর্গত এলাকায় রোগাক্রান্ত গবাদি পশুকে দ্রুত ভ্যাক্সিনেশন করা এবং জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | বন্যা ও দুর্গত এলাকায় রোগাক্রান্ত গবাদি পশুকে দ্রুত ভ্যাক্সিনেশন করা এবং জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা লালমনিরহাট |
| ১৫. | খাদ্য বিভাগ লালমনিরহাট | জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ মৌসুমে জেলায় অতিরিক্ত বরাদ্দসহ ৫৯৯২.০০ মে.টন ধান, ১০১৯২.০২ মে.টন সিদ্ধ চাল, ১০৮ মে.টন আতপ এবং ৯৪ মে.টন গম লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। বোরো ধান, সিদ্ধ চাল, আতপ চাল ও গম সংগ্রহের সময়সীমা ৩১-০৮-২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারিত আছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রাকৃত ধান/চাল সংগ্রহের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানো হচ্ছে। লক্ষ্যমাত্রাকৃত পরিমাণের বিপরীতে ৫৭৭৫ মে.টন ধান, ৯৪৩০ মে.টন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে। বোরো ধানের সংগ্রহ মূল্য কেজি ৩৬/-, সিদ্ধ চাল ৪৯/-, আতপ চাল ৪৮/- এবং গম ৩৬/-। জেলায় ০৭ টি খাদ্য গুদামে ১৭,০৭৬.৪৭৭ মে.টন চাল, ১১৮.৮১৯ মে.টন গম এবং ১৭৮১.৬২৮ মে.টন ধান মজুদ আছে। জেলার সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। সভায় নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রাকৃত ধান/চাল সংগ্রহের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালানো বিষয়ে আলোচনা করা হয়। | ১। সরকারি বিধি বিধান অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রাকৃত ধান/চাল সংগ্রহের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক লালমনিরহাট |
| ১৬. | গণপূর্ত বিভাগ লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, চলমান প্রকল্পসমূহের মধ্যে আদিতমারী উপজেলার মডেল মসজিদ ও বুড়িমারী শুল্ক স্টেশন এবং পাটগ্রাম থানার নির্মাণ কাজ চলমান রয়েছে। সদর উপজেলা ও আদিতমারী উপজেলা মডেল মসজিদের কাজ দ্রুত সম্পন্ন করে হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরে উল্লেখযোগ্য উন্নয়ন প্রকল্পের সংখ্যা ৩ টি, মোট বরাদ্দ ১২৫৫১.২১ লক্ষ টাকা, বাস্তবায়নের হার ৯৩%। সভায় চলমান প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করে দ্রুত হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয় আলোচনা করা হয়। | চলমান প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করে দ্রুত হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ লালমনিরহাট |
| ১৭. | সড়ক ও জনপথ বিভাগ লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, চলমান প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করতে অত্র দপ্তর সচেষ্ট রয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক মহেন্দ্রনগর হতে মোস্তফীবাজার পর্যন্ত ০৪ (চার) লেনে উন্নীতকরণ প্রকল্প গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। লালমনিরহাট-ফুলবাড়ী সড়কের ৮ কি. মি. এ রত্নাই সেতু নির্মাণ প্রকল্পে মোট বরাদ্দ ২৩০৬.২২ লক্ষ টাকা। বাস্তবায়নের হার ৯০%। সভায় হাতীবান্ধা শহরের মধ্য দিয়ে অতিক্রান্ত হাইওয়ে রাস্তাটি প্রশস্তকরণ এবং দুর্ঘটনা প্রবণ স্থানে স্পিড ব্রেকার নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে আলোচনা করা হয়। | ১। চলমান প্রকল্পসমূহ যথাসময়ে সম্পন্ন করে দ্রুত হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। হাতীবান্ধা শহরের মধ্য দিয়ে অতিক্রান্ত হাইওয়ে রাস্তাটি প্রশস্তকরণ এবং দুর্ঘটনা প্রবণ স্থানে স্পিড ব্রেকার নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ লালমনিরহাট |
| ১৮. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম উপস্থাপন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৯. | পানি উন্নয়ন বোর্ড লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলার নদীসমূহ সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে। দুর্বল ও ভাঙন কবলিত নদী তীরবর্তী স্থানসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত কাজ চলমান রয়েছে। তিস্তা, ধরলা ও সানিয়াজান নদীর তীর ভাঙন হতে রক্ষার জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) প্রণয়নের কাজ চলমান রয়েছে। লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলায় অবস্থিত দালাইলামা ছড়াটি গত ০১-০৮-২০২৬ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুল হাবিব দুলু মহোদয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে দালাইলামা ছড়াটির তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নসহ পুন:খনন ও ওয়াকওয়ে নির্মাণের জন্য নির্দেশনা প্রদান করেছেন। মন্ত্রী মহোদয়ের নির্দেশনার আলোকে প্রকল্পের নকশা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | গুণগতমান বজায় রেখে সকল উন্নয়ন কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড লালমনিরহাট |
| ২০. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, দাপ্তরিক ও উন্নয়নমূলক চলমান কাজ নির্বাহী প্রকৌশলী এবং প্রতিটি উপজেলার সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। পাবলিক টয়লেট সংস্কারের মাধ্যমে ব্যবহার উপযোগী করা হয়েছে। চলতি অর্থবছরে গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় ২৮৮১ টি টুইন-পিট-ল্যাট্রিন ও ২০ টি কমিউনিটি প্রকল্পে মোট বরাদ্দ ৬৮৪.৫৩ লক্ষ টাকা, গ্রামীণ অঞ্চলে পানির উৎস (নলকূপ) স্থাপন প্রকল্পে মোট বরাদ্দ ৫৮৫.০০ লক্ষ টাকা। সভায় মানবসম্পদ উন্নয়নে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতাধীন সকল প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং ব্যবহার অনুপযোগী ল্যাট্রিনগুলো ব্যবহারর উপযোগী করার বিষয়ে আলোচনা করা হয়। | ০১। মানবসম্পদ উন্নয়নে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতাধীন সকল প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>০২। ব্যবহার অনুপযোগী ল্যাট্রিনগুলো ব্যবহারর উপযোগী করতে হবে। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট |
| ২১. | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, দাপ্তরিক ও উন্নয়নমূলক চলমান কাজ সহকারী/উপসহকারী প্রকৌশলী কর্তৃক নিয়মিত মনিটরিং করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে লালমনিরহাট জেলা ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে বর্জ্য ব্যবস্থাপনা ভবন কাজের প্রাক্কলিত অর্থের পরিমাণ ২৭১.৮৭ লক্ষ টাকা । ভৌত ও আর্থিক অগ্রগতি যথাক্রমে ৯৫% ও ৮৭%। কাজ চলমান রয়েছে। | নির্মাণাধীন কাজগুলো সঠিকভাবে মনিটরিং করতে হবে। | সহকারী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট |
| ২২. | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সম্পাদিত লালমনিরহাট জেলায় চলমান ১৩ টি প্রকল্পের চুক্তি মূল্য ৪৪,৭৯৬.০৯ লক্ষ টাকা। প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কাজের সংখ্যা ২৪০ টি; সমাপ্তকৃত সংখ্যা ১৮০ টি; চলতি কাজসমূহের সংখ্যা ৪৭ টি; বাস্তব অগ্রগতি ৮৬.৪১%। | নির্মাণাধীন কাজগুলো সঠিকভাবে তদারকিকরণ ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর লালনিরহাট |
| ২৩. | বাংলাদেশ রেলওয়ে বিভাগ লালমনিরহাট | রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), বাংলাদেশ রেলওয়ে বিভাগ, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, বাংলাদেশ রেলওয়ের আঙ্গিনায় তৈরি হওয়া অবৈধ স্থাপনায় বৈদ্যুতিক সংযোগ প্রদান থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকল বৈদ্যুতিক কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। সভায় যে সকল অবৈধ স্থাপনায় মিটারসহ বৈদ্যুতিক সংযোগ প্রদান করা হয়েছে সেগুলোকে পর্যায়ক্রমে কমিয়ে নিয়ে আসার বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ রেলওয়ের জমিতে তৈরি অবৈধ স্থাপনায় বৈদ্যুতিক সংযোগ প্রদানে বিরত থাকা এবং যে গুলোতে ইতোমধ্যে বৈদ্যুতিক সংযোগ প্রদান করা হয়েছে সেগুলোকে পর্যায়ক্রমে কমিয়ে আনতে হবে। | ১। রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম)<br>২। নির্বাহী প্রকৌশলী নেসকো লিমিটেড লালমনিরহাট |
| ২৪. | নেসকো লিমিটেড লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ, নেসকো লিমিটেড, লালমনিরহাট সভায় বকেয়া বিদ্যুৎ বিল আদায় এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। অত্র অফিসের আওতায় | ১। বিদ্যুৎ সাশ্রয়ে দোকান/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে অতিরিক্ত লাইট ব্যবহার বন্ধে | ১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | প্রি-পেইড মিটার স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। বিদ্যুৎ সাশ্রয়ে দোকান/বাণিজ্যিক প্রতিষ্ঠানে অতিরিক্ত লাইট ব্যবহার বন্ধে জনসচেতনতা বাড়ানো এবং নিয়মিত সঠিকভাবে মিটার দেখে বিল প্রণয়ন করা হচ্ছে। সভায় বিদ্যুৎ সাশ্রয়ে দোকান/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে অতিরিক্ত লাইট ব্যবহার বন্ধে জনসচেতনতা বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। | জনসচেতনতা বাড়াতে হবে।<br>২। সরকারি গ্রাহকদের দ্রুত বকেয়া বিল পরিশোধ করতে হবে। | ২। নির্বাহী প্রকৌশলী নেসকো লিমিটেড লালমনিরহাট |
| ২৫. | কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি লালমনিরহাট | ডিজিএম, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, জুলাই মাসে নতুন সংযোগ- ৩২৬ টি; অভিযোগ সমাধান- ৪০১ টি; নাইট/ডে অপারেশন- ০৪ টি; সর্বমোট গ্রাহক সংখ্যা ৬১,৩৫০ জন, অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ ০১ টি, লাল নোটিশ/উকিল নোটিশ প্রদান ১১ টি। বিভিন্ন সরকারি অফিসসমূহের মোট বকেয়া বিদ্যুৎ বিল ২,৩৯,১৬৪/- টাকা। সরকারি গ্রাহকদের দ্রুত বকেয়া বিল পরিশোধ এবং বিদ্যুৎ সাশ্রয়ে দোকান/বাণিজ্যিক প্রতিষ্ঠানে অতিরিক্ত লাইট ব্যবহার বন্ধে জনসচেতনতা বাড়ানোর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। বিদ্যুৎ সাশ্রয়ে দোকান/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে অতিরিক্ত লাইট ব্যবহার বন্ধে জনসচেতনতা বাড়াতে হবে।<br>২। সরকারি গ্রাহকদের দ্রুত বকেয়া বিল পরিশোধ করতে হবে। | ১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান<br>২। ডিজিএম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি লালমনিরহাট |
| ২৬. | জেলা শিক্ষা অফিস লালমনিরহাট | জেলা শিক্ষা অফিসার, লালমনিরহাট এর প্রতিনিধি জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালীন শিক্ষার গুণগত মানোন্নয়ন বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষকগণকে নির্দেশনা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ফলজ, বনজ ও ভেষজ বৃক্ষরোপণ করা হয়েছে। জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে কর্মরত কর্মকর্তাগণ ৯২ টি শিক্ষা প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন করেছেন। সভায় শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি তদারকি জোরদারকরণ ও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন বিষয়ে আলোচনা করা হয়। | শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি তদারকি জোরদারকরণ ও শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন বৃদ্ধি করতে হবে। | জেলা শিক্ষা অফিসার লালমনিরহাট |
| ২৭. | জেলা প্রাথমিক শিক্ষা অফিস লালমনিরহাট | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি পরিবীক্ষণে ইউপিইও, এইউপিইও সহ সকল মনিটরিং কর্মকর্তাদের পরিদর্শন কার্যক্রম জোরদার করা হয়েছে। প্রত্যেক বিদ্যালয় থেকে ৯:১৫ টার মধ্যে শিক্ষকগণের উপস্থিতির তথ্য অনলাইনে গ্রহণ নিশ্চিত করা হচ্ছে। এক্ষেত্রে শিক্ষক হাজিরা রেজিস্টারের ছবি হোয়াটস অ্যাপে নেয়া হচ্ছে। সভায় শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি পরিবীক্ষণ জোরদারকরণ এবং স্কুলে ডিজিটাল হাজিরা চালু করার জন্য একটি পাইলট প্রকল্প গ্রহণ করে কার্যপরিধি পর্যবেক্ষণের উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। স্কুলে ডিজিটাল হাজিরা চালু করার জন্য একটি পাইলট প্রকল্প গ্রহণ করে কার্যপরিধি পর্যবেক্ষণের উদ্যোগ গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীর উপস্থিতি পরিবীক্ষণ জোরদার করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার লালমনিরহাট |
| ২৮. | লালমনিরহাট সরকারি কলেজ লালমনিরহাট | অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি কলেজ, লালমনিরহাট সভায় জানান যে, বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৬ এর অংশ হিসেবে বিএনসিসি, রোভার ও যুব রেড ক্রিসেন্ট এর মাধ্যমে কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও সদস্যদের মধ্যে চারাগাছ বিতরণ করা হয়েছে। ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষের মৌখিক ও ব্যবহারিক চলমান, ২০২৫ সালের অনার্স ২য় বর্ষের ও ডিগ্রী (পাস) ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণ সম্পন্নকরণ, শিক্ষার্থীদের প্রশংসাপত্র, একাডেমিক সংক্রান্ত শিক্ষার্থীদের তথ্য প্রদান; ক্লাস/অভ্যন্তরীণ পরীক্ষায় অনিয়মিত শিক্ষার্থীদের অভিভাবকদের অবহিতকরণ; সকল তথ্য কলেজের ওয়েবসাইটে আপলোডকরণ ও নোটিশ বোর্ডে প্রচার। সভায় শিক্ষার্থীর উপস্থিতি তদারকি জোরদার ও শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | শিক্ষার্থীর উপস্থিতি তদারকি জোরদার ও শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ লালমনিরহাট সরকারি কলেজ লালমনিরহাট |
| ২৯. | মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ | অধ্যক্ষ, মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ, লালমনিরহাট সভায় জানান যে, শিক্ষার মান উন্নয়নের প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ২০২৩ সালের মাস্টার্স শেষ | শিক্ষার্থীর উপস্থিতি তদারকি জোরদার ও শিক্ষার মানোন্নয়নে প্রয়োজনীয় | অধ্যক্ষ মজিদা খাতুন সরকারি মহিলা কলেজ |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | লালমনিরহাট | পর্বের পরীক্ষা চলমান; শ্রেণি কার্যক্রম চলমান; ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা চলমান; কলেজের একাডেমিক ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | পদক্ষেপ গ্রহণ করতে হবে। | লালমনিরহাট |
| ৩০. | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র লালমনিরহাট | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট সভায় জানান যে, বর্তমান প্রশিক্ষণার্থী/ছাত্র-ছাত্রীর সংখ্যা: ১) নিয়মিত কোর্স- ১৯১ জন, ২) দেশ-বিদেশ মোটর ড্রাইভিং কোর্স- ৪০ জন, ৩) এসএসসি স্পেশাল কোর্স ১৩৪ জন, ৪) ইংলিশ স্পোকেন কোর্স ১৪ জন, SICIP Project ১২৫ জনসহ সর্বমোট ৫০৪ জন। লালমনিরহাট টিটিসি হতে সর্বমোট ১২,৮১৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে। দেশে কর্মরত ৪৩১৩ জন, বিদেশে কর্মরত ২,৮৯৭ জন। ২০২৪-২০২৫ অর্থবছরসহ চলমান (২০২৫-২০২৬ অর্থবছর) দেশ-বিদেশ মোটর ড্রাইভিং প্রকল্পে মোট বরাদ্দ ৭,১০,০০০/- টাকা। বাস্তবায়নের শতকরা হার ৯৫%। SICIP প্রকল্পে মোট বরাদ্দ ৩,৯৮,০০০/- টাকা, বাস্তবায়নের হার ৫০%। সভায় বিদেশী ভাষার উপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণান্তে বিদেশে দক্ষ শ্রমিক প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | নীতিমালা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং বিদেশী ভাষার উপর প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণান্তে বিদেশে দক্ষ শ্রমিক প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র লালমনিরহাট |
| ৩১. | লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ | অধ্যক্ষ, লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, ২০২৬ সালের এসএসসি (ভোকেশনাল) একাদশ ও দ্বাদশ এবং এইচএসসি (বিএমটি) একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড ফাইনাল পরীক্ষা অত্র কেন্দ্রে অনুষ্ঠিত হচ্ছে। ২য় তলা ভবনের ৩য় তলার ভার্টিকেল এক্সটেনশন কাজ চলমান। মোট বরাদ্দ ৬২ লক্ষ টাকা, বাস্তবায়নের হার ৯৮%। সভায় বিদেশগামী শিক্ষার্থী ও তাদের কর্মক্ষেত্রের তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | ১। সরকারি বিধি বিধান অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২। বিদেশগামী শিক্ষার্থী ও তাদের কর্মক্ষেত্রের তালিকা প্রণয়ন করতে হবে। | অধ্যক্ষ লালমনিরহাট সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ লালমনিরহাট |
| ৩২. | জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস লালমনিরহাট | সহকারী পরিচালক, কর্মসংস্থান ও জনশক্তি অফিস, লালমনিরহাট সভায় জানান যে, বিশ্বের বিভিন্ন দেশের কর্মসংস্থানের উদ্দেশ্যে অত্র ডিইএমও, জুলাই মাসে বিএমইটি ডাটাবেজে ৯৬ জন কর্মীর (রেজিস্ট্রেশনধারীসহ মোট ১১৬ জনের) ফিঙ্গারপ্রিন্ট গ্রহণ করা হয়েছে; বিশ্বের বিভিন্ন দেশের কর্মসংস্থানের উদ্দেশ্যে লালমনিরহাট জেলা থেকে জুলাই মাসে সর্বমোট ১১৮ জন কর্মী বিদেশ গমন করেছেন। বিদেশ গমনে ইচ্ছুক কর্মীদের সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। সভায় সরকারি বিধিবিধান অনুযায়ী বিদেশ গমনেচ্ছু কর্মীদের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। | সরকারি বিধিবিধান অনুযায়ী বিদেশ গমনেচ্ছু কর্মীদের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক কর্মসংস্থান ও জনশক্তি অফিস লালমনিরহাট |
| ৩৩. | জেলা সমাজসেবা কার্যালয় লালমনিরহাট | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট সভায় জানান যে, ক্যান্সার কিডনিসহ ৬ টি জটিল রোগীদের আর্থিক সহায়তার অনুদানের ২০২৫-২০২৬ অর্থবছর পর্যন্ত বরাদ্দ বিতরণ করা হয়েছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রম হতে ৯৩জনকে ঔষধ, বিভিন্ন ধরণের পরীক্ষা ও যাতায়াত বাবদ ৯৩,৪৩০/- টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। দরিদ্রতা হ্রাসকরণ ক্ষুদ্র ঋণ খাতে বিনিয়োগ চলমান রয়েছে ও চলতি মাসে আদায় ১৯,২৫,৮৪৫/-টাকা। চলতি মাসে আদায়ের হার ৯৪%। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে ৫১০ জনকে সেবা প্রদান করা হয়েছে। | ১। সরকারি বিধি মোতাবেক সকল ভাতা প্রদান করতে হবে।<br>২। ঋণ আদায়ের পরিমাণ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয় লালমনিরহাট |
| ৩৪. | যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, লালমনিরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, ২০২৬-২০২৭ অর্থ বছরে প্রশিক্ষণে অংশগ্রহণ সংখ্যা- পুরুষ ৯৫৮ জন ও মহিলা- ১৯৭২ জন। প্রশিক্ষণ (ফ্রিল্যান্সিং/এআই) পুরুষ ৩৬ জন; মহিলা ৩৯ জন। | সরকারি বিধি মোতাবেক সকল ভাতা প্রদান করতে হবে। | উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩৫. | মহিলা বিষয়ক অধিদপ্তর লালমনিরহাট | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, সকল ভাতা প্রদানের বিষয়ে সরকারি বিধি মোতাবেক যথাযথভাবে যাচাই বাছাই করে ভাতা প্রদান নিশ্চিত করা হয়। জেলায় বিদেশগামী মহিলা কর্মীর সংখ্যা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভালনারেবল ওমেন বেনেফিট (ভিডব্লিউবি) ১২,২৯১ জন, মা ও শিশু সহায়তা কর্মসূচির ১৮,৭১৫ জন, মহিলাদের আত্ম-কর্মসংস্থাপনের জন্য ক্ষুদ্র ঋণ তহবিল, জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ শীর্ষক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর সংখ্যা ১৬০ জন। জেলায় বিদেশগামী মহিলা কর্মীর সংখ্যা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | ১। সরকারি বিধি মোতাবেক সকল ভাতা প্রদান করতে হবে।<br>২। জেলায় বিদেশগামী মহিলা কর্মীর সংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর লালমনিরহাট |
| ৩৬. | জেলা সমবায় অফিস লালমনিরহাট | জেলা সমবায় অফিসার, লালমনিরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে ০৪ টি নারী উন্নয়ন সমবায় সমিতির সদস্য সংখ্যা ৪৪০ জন। প্রকল্প দপ্তর হতে ছাড়কৃত অর্থ ৪,৮০,০০,০০০/- টাকা। চলতি মাস পর্যন্ত ৪ টি সমবায় সমিতিতে ১,০৪,০০,০০০/- টাকা ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ করা হয়েছে এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় চলতি মাস পর্যন্ত ৫৬১.২৪ লক্ষ টাকা। মাঠে ঋণ পাওনা রয়েছে ৪৪২.৭৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার বাড়ানো এবং ঋণ খেলাপী ও সমিতি পরিদর্শনের তথ্য প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১। ঋণ আদায়ের হার বাড়াতে হবে।<br>২। ঋণ খেলাপী সমিতির তালিকা প্রণয়ন করতে হবে। | জেলা সমবায় অফিসার লালমনিরহাট |
| ৩৭. | জেলা তথ্য অফিস লালমনিরহাট | জেলা তথ্য অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, সরকারের অগ্রাধিকারমূলক ও জনসচেতনতামূলক তথ্য যথা ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, নারীর জন্য গাড়ি, দেশব্যাপী নদী-নালা-খাল, জলাধার খনন ও পুন:খনন, ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ এবং নির্ধারিত পরিমানের কৃষি ঋণ মওকুফ, ডেঙ্গু প্রতিরোধ, মাদক, বাল্যবিবাহ নিরোধসহ সরকারের বিভিন্ন কর্মসূচি প্রচারের লক্ষ্যে চলচ্চিত্র প্রদর্শন ১৮ ইউনিট, উঠান বৈঠক ০২ টি, কমিউনিটি সভা ০১ টি, সড়ক প্রচার ২৮ ইউনিট, পল্লী সংগীত ০২ দিন আয়োজন করা হয়েছে। | সরকারের অগ্রাধিকারমূলক প্রকল্প ও জনসচেতনতামূলক তথ্য প্রচার করতে হবে। | জেলা তথ্য অফিসার লালমনিরহাট |
| ৩৮. | পরিসংখ্যান বিভাগ লালমনিরহাট | উপপরিচালক, জেলা পরিসংখ্যান বিভাগ, লালমনিরহাট সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস) প্রকল্পের আওতাধীন 'কুটির শিল্প জরিপ-২০২৬' এর লালমনিরহাট জেলার মূল জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। নৌপরিবহন অধিদপ্তর ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর যৌথ উদ্যোগে দেশব্যাপী নৌযান শুমারি ২০২৬ এর জোনাল অপারেশন লালমনিরহাট জেলায় চলমান রয়েছে। মূল্যস্ফীতি নির্ধারণের জন্য ৩ টি দর ছকের মাধ্যমে গ্রামীণ ও শহরের বাজারের ফুড ও নন ফুড দ্রব্যসামগ্রী, সেবার আগস্ট ২০২৬ মাসের মূল্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | সঠিক ও নির্ভুলভাবে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপপরিচালক জেলা পরিসংখ্যান বিভাগ লালমনিরহাট |
| ৩৯. | পিটিআই লালমনিরহাট | সুপারিনটেনডেন্ট, পিটিআই, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৬ শিক্ষাবর্ষে লালমনিরহাট পিটিআইতে ১০ মাস মেয়াদি বিটিপিটি শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ ও গাঠনিক মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে। সভায় প্রশিক্ষণার্থী শিক্ষকদের লিডারশিপ দক্ষতা বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। | শিক্ষকদের লিডারশিপ দক্ষতা বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সুপারিনটেনডেন্ট পিটিআই লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪০. | বিসিক লালমনিরহাট | উপব্যবস্থাপক, বিসিক, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে ঋণ বিতরণ ও আদায়: বিনিত- ঋণ আদায় ৮.২০ লক্ষ টাকা, আদায়কৃত টাকার পরিমাণ ২.৯৯ লক্ষ টাকা, আদায়ের হার ১০৩%, প্রণোদনা- ঋণ বিতরণ ২০.০০ লক্ষ টাকা, আদায় ৯.৮২ লক্ষ টাকা, আদায়ের হার ১৭৩%, মৌমাছি- আদায় ০.১২ লক্ষ টাকা, আদায়ের হার ১৩০%, শতরঞ্চি শিল্প উন্নয়ন- আদায় ০.০৫ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। শিল্পনগরীর চলতি মাসে আদায় ০.১৭ লক্ষ টাকা, আদায়ের হার ৮৬%।শিল্পনিবন্ধন: কুটির শিল্প- অর্জন ০৪। সভায় বিসিক কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়। | বিসিক কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপব্যবস্থাপক বিসিক লালমনিরহাট |
| ৪১. | ইসলামিক ফাউন্ডেশন লালমনিরহাট | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি ব্যবস্থাপনার মাধ্যমে হজে গমনের জন্য নিবন্ধন বৃদ্ধির লক্ষ্যে সকল উপজেলায় শিক্ষক সমন্বয় সভায় আলোচনা হয়েছে। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য সকল উপজেলায় বিভিন্ন মসজিদে আলোচনা এবং ফেস্টুন টানানো হয়েছে। পাটগ্রামসহ সকল উপজেলা মডেল মসজিদসমূহের সমস্যাসমূহ চিহ্নিত করে গণপূর্ত বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সভায় সরকারি ব্যবস্থাপনার মাধ্যমে হজ গমনের লক্ষ্যে নিবন্ধন বৃদ্ধির জন্য সচেতনতা বৃদ্ধি এবং মডেল মসজিদের সিসিটিভি লাইন মেরামত করার বিষয়ে আলোচনা করা হয়। | সরকারি ব্যবস্থাপনার মাধ্যমে হজে গমনের লক্ষ্যে নিবন্ধন বৃদ্ধির জন্য সচেতনতা বৃদ্ধি এবং মডেল মসজিদের সিসিটিভি লাইন মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ<br>২। উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন লালমনিরহাট |
| ৪২. | মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম লালমনিরহাট | সহকারী প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, লালমনিরহাট সভায় জানান যে, শিক্ষা কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন অব্যাহত আছে। জেলায় মোট শিক্ষাকেন্দ্রের সংখ্যা ১০৯ টি, তন্মধ্যে ৭৬ টি প্রাক-প্রাথমিক, ১৫ টি ধর্মীয় শিক্ষা (শিশু) ও ১৮ টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক)। সভায় শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | শিক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শন বাড়াতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ করতে হবে। | সহকারী প্রকল্প পরিচালক মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম লালমনিরহাট |
| ৪৩. | বীজ প্রত্যয়ন এজেন্সী লালমনিরহাট | জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৬-২০২৭ অর্থবছরে আমন ধান বীজের আবেদন গ্রহণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। আমন ধান বীজ সংগ্রহের জন্য ৪ টি বেসরকারি প্রতিষ্ঠান আবেদনকৃত এলাকা ১৩৭.৫৩ হেক্টর, আলু বীজ সংগ্রহের জন্য ০১ টি সরকারি প্রতিষ্ঠান আবেদনকৃত এলাকা ১,১৬২ হেক্টর, বোরো ধান বীজ সংগ্রহের জন্য ০৪ টি বেসরকারি প্রতিষ্ঠান আবেদনকৃত এলাকা ২৩১.৭৫ হেক্টর, গৃহীত জমির পরিমাণ ২২৯.০০ হেক্টর, বীজ উৎপাদন ৯৩০.২২ মে.টন। ০২ টি দোকানে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩,০০০/- জরিমানা আদায় করা হয়েছে। | সরকারি নীতিমালা অনুযায়ী জেলা ও উপজেলার বিভিন্ন হাট ও বাজারে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে হবে। | জেলা বীজ প্রত্যয়ন অফিসার বীজ প্রত্যয়ন এজেন্সী লালমনিরহাট |
| ৪৪. | বিএডিসি (বীজ বিপণন) লালমনিরহাট | সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন) লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম উপস্থাপন করতে হবে। | সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন) লালমনিরহাট |
| ৪৫. | বিএডিসি (সেচ) লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), লালমনিরহাট জানান যে, বিএডিসি (সেচ) এর তত্ত্বধানে সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন) বিএডিসি দপ্তরের কালীগঞ্জ উপজেলায় বীজ গোডাউন এবং সংরক্ষণাগার নির্মাণের অগ্রগতি ৭৫%। জুলাই/২০২৬ মাস পর্যন্ত লালমনিরহাট জেলায় সেচ লাইসেন্সের আবেদনের সংখ্যা ১৩৩। আগামী মৌসুমে জেলার প্রায় ১৯২ টি সেচযন্ত্র চালুর লক্ষ্যমাত্রা রয়েছে। জেলার বিভিন্ন জায়গার ভূগর্ভস্থ পানির স্তর প্রতি মাসেই মনিটরিং করা হচ্ছে। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী বিএডিসি (সেচ) |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪৬. | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ লালমনিরহাট | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলায় বর্তমানে বিএমডিএ'র স্থাপিত গভীর নলকূপের সংখ্যা ২৯২ টি। ২০২৬-২৭ অর্থবছরে চালুকৃত গভীর নলকূপের সংখ্যা ৬০ টি, চলতি আমন ফসলে এ পর্যন্ত ৭৯৩ হেক্টর ফসল হয়েছে এবং ২৮৮ জন কৃষক সেচ সুবিধা গ্রহণ করেছেন। ভূ-উপরিস্থ পানি সেচ কাজে ব্যবহারের লক্ষ্যে সতী নদীতে ১০ টি, রত্নাই নদীতে ০২ টি, ধরলা নদীতে ০৬ টি, স্বর্নামতি নদীতে ০১ টি এবং সানিয়াজান নদীতে ০৯ টি সহ মোট ২৮ টি বিদ্যুতায়িত লো-লিফট পাম্প স্থাপন ও চালু করে কৃষকদের মধ্যে সুষ্ঠুভাবে সেচ প্রদান করা হচ্ছে। | জেলায় বিদ্যমান জলাশয় খনন এবং পানি ধরে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ লালমনিরহাট |
| ৪৭. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) লালমনিরহাট | উপপরিচালক, বিআরডিবি, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৬-২৭ অর্থবছরে সাংগঠনিক কার্যক্রম: ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৬০০.০০ লক্ষ টাকা, জুলাই ২০২৬ মাসে ঋণ বিতরণ ১৩৫.১৯ লক্ষ টাকা বিবেচ্য মাসে ঋণ আদায় ১০১.০২ লক্ষ টাকা এবং ২০২৬-২০২৭ অর্থবছরে মোট ঋণ আদায় লক্ষ্যমাত্রা৬০৩.২০ লক্ষ টাকা। খেলাপি ঋণের পরিমাণ ৬২৯.৫৪ লক্ষ টাকা। বিআরডিবি-এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে ৪০০ সুফলভোগী সদস্যকে বিভিন্ন ট্রেডে আয় বর্ধনমূলক প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসমূহ স্বাভাবিক রাখতে হবে এবং সরকারি বিধি মোতাবেক যথাযথভাবে ঋণ প্রদান ও আদায়ের হার বাড়াতে হবে। | উপপরিচালক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) লালমনিরহাট |
| ৪৮. | কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় লালমনিরহাট | কৃষি বিপণন কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, জেলার বিভিন্ন বাজারে নিত্য প্রয়োজনীয় কৃষি পণ্যের পাইকারী ও খুচরা বাজার নিয়মিত মনিটরিং করা হচ্ছে। গত মাসের তুলনায় বাজারে চিনিগুড়া চাল, মশুর ডাল, গরুর মাংস, বয়লার মুরগি, কাঁচামরিচ এর মূল্য বৃদ্ধি পেয়েছে। চাউল, আটা, ময়দা এর মূল্য স্থিতিশীল রয়েছে। কৃষি বিপণন আইন, ২০১৮ ও কৃষি বিপণন বিধিমালা, ২০২১ অনুযায়ী ব্যবসায়ীদের দোকানে পণ্যের মূল্য তালিকা টাঙানো এবং হালনাগাদ করার জন্য উদ্বুদ্ধ করা হচ্ছে। কৃষি পণ্যের ব্যবসা পরিচালনার লাইসেন্স ফি বাবদ ৬১,৩০০/- টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | নিত্য প্রয়োজনীয় পণ্যের পাইকারী ও খুচরা বাজার নিয়মিত মনিটরিং করতে হবে। | কৃষি বিপণন কর্মকর্তা লালমনিরহাট |
| ৪৯. | পরিবেশ অধিদপ্তর লালমনিরহাট | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে ছাড়পত্র প্রদান ০১ টি। রাজস্ব আয় ১,৩২,০০০/- টাকা। গত ৩০-০৭-২০২৬ খ্রি. তারিখ শব্দ দূষণের বিরুদ্ধে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে জরিমানা ধার্যপূর্বক মোট ১১,০০০/- টাকা আদায় করা হয়েছে। ১৩ টি হাইড্রোলিক হর্ণ জব্দপূর্বক ধ্বংস করা হয়েছে এবং ০২ টি প্রতিষ্ঠানের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে নথি প্রেরণ করা হয়েছে। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর লালমনিরহাট |
| ৫০. | ভোক্তা অধিদপ্তর লালমনিরহাট | সহকারী পরিচালক, ভোক্তা অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, জেলা ও উপজেলা শহরের মুদিখানা, পাইকারি দোকান, খাবার হোটেল ও মাংসের দোকানসহ কিছু সেবা খাতের প্রতিষ্ঠানগুলোতে মূল্য তালিকা প্রদর্শন হচ্ছে। গ্রাম অঞ্চলের বাজার এলাকাগুলোতে এর প্রচারণা চলমান রয়েছে। বিবেচ্য মাসে ০৬ টি অভিযান পরিচালনা করে ২০ টি প্রতিষ্ঠানকে ৮৩,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। সভায় ভেজাল খাদ্যে এবং যেসকল পাম্পে পরিমাণে কম তেল দিচ্ছে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ভেজাল খাদ্যে এবং যেসকল পাম্পে পরিমাণে কম তেল দিচ্ছে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী পরিচালক ভোক্তা অধিদপ্তর লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫১. | ঔষধ প্রশাসন অধিদপ্তর লালমনিরহাট | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে লালমনিরহাট জেলার আওতাধীন ১৪৭ টি খুচরা ও পাইকারী ঔষুধের দোকান পরিদর্শন করা হয়েছে। জুলাই মাসে ৪৬ টি লাইসেন্স নবায়ন বাবদ ৪৯,৭০০/- এবং ১৫ টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ৪৫,৫০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। | ভেজাল ঔষধের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | তত্ত্বাবধায়ক ঔষধ প্রশাসন অধিদপ্তর লালমনিরহাট |
| ৫২. | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ লালমনিরহাট | সহকারী পরিচালক, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে সদর, আদিতমারী ও পাটগ্রাম উপজেলায় ১১ টি হোটেল/ রেস্তোরাঁ, ০৪ টি মিষ্টির দোকান, ০৩ টি বেকারি কারখানা ও ২ টি বাজারসহ মোট ২০ টি খাদ্য স্থাপনা পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া ২১-০৭-২০২৬ তারিখ মিশনমোড় ও হাড়ীভাঙ্গা এবং ২৭-০৭-২০২৬ তারিখ রেল বাজার, লালমনিরহাট সদর এ মোট ০২ টি অভিযান পরিচালনা করা হয়। খাদ্যের গুণগতমান রক্ষায় মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | ১। নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা এবং বাজার মনিটরিং করতে হবে।<br>২। খাদ্যের গুণগত মান রক্ষায় মোবাইল কোর্টের সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>২। সহকারী পরিচালক নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ লালমনিরহাট |
| ৫৩. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট লালমনিরহাট | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, লালমনিরহাট এর প্রতিনিধি সভায় জানান যে, সদর উপজেলার মহেন্দ্রনগর ইউনিয়নের কৃষকদের মাঝে ৬৩ টি সার সুপারিশ কার্ড বিতরণ করা হয়েছে। ভেজাল সার, মাটি পরীক্ষা, মাটির উর্বরতা সংরক্ষণের উপায়, ভার্মিকম্পোস্ট ও জৈব সার প্রয়োগ ইত্যাদির উপর লিফলেট বিতরণ ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। অম্লীয় মাটি ব্যবস্থাপনায় ডলোচুন প্রয়োগের উপর লিফলেট বিতরণ ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য মাটি পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট লালমনিরহাট |
| ৫৪. | জেলা রেজিস্ট্রার অফিস লালমনিরহাট | জেলা রেজিস্ট্রার, লালমনিরহাট সভায় জানান যে, লালমনিরহাট জেলার ৫ টি সাব-রেজিস্ট্রার অফিসে দলিল রেজিস্ট্রি কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জুলাই মাসে মোট রেজিস্ট্রিকৃত দলিলের সংখ্যা- ৩৫৪৭ টি। রেজিস্ট্রিকৃত দলিল হতে মোট আয়: রেজিস্ট্রেশন ফিস- ১,০১,১৯,৩৭৫/- টাকা; স্ট্যাম্প শুল্ক- ১,৪৩,৫২,৩২৫/- টাকা; উৎসে কর- ২,৫১,৯১,০৯৭/- টাকা; জেলা পরিষদ কর-৬৮,৬৫,৬৩৪/০৩ টাকা, উপজেলা পরিষদ কর- ৭৩,২৩,৮৩৫/৩৩ টাকা, ইউনিয়ন পরিষদ কর- ৬৮,৬৫,৬৩৪/০৩ টাকা, সদর পৌরসভা- ৬,৬০,৬৩৯/- টাকা, পাটগ্রাম পৌরসভা- ২৫,৫৭,৬৩/৬০ টাকা, আই.জি.আর তহবিল- ৭,৯৬,৮৯৪/- টাকা মোট ৭,২৪,৩১,১৯৭/- টাকা। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | জেলা রেজিস্ট্রার লালমনিরহাট |
| ৫৫. | পাট অধিদপ্তর লালমনিরহাট | জেলা পাট উন্নয়ন কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ এর আওতায় জুলাই মাসে পরিচালিত মোবাইল কোর্টের সংখ্যা ০৩ টি। মামলা সংখ্যা ০৩ টি। জরিমানা আদায় ১,৫০০/- টাকা। পাট ব্যবসায়ীদের লাইসেন্স প্রদানে লক্ষ্যমাত্রা ২০০ টি। পাট ব্যবসায়ীদের এ পর্যন্ত ৬ টি লাইসেন্স প্রদান করা হয়েছে। রাজস্ব আদায় ৮,০০০/- টাকা। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | জেলা পাট উন্নয়ন কর্মকর্তা লালমনিরহাট |
| ৫৬. | আঞ্চলিক পাসপোর্ট অফিস লালমনিরহাট | সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাট সভায় জানান যে, সেবা প্রত্যাশীদের বিনামূল্যে আবেদন ফরম পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। জুলাই ২০২৬ মাসে আবেদনপত্র জমা গ্রহণ ১০০৪ টি, পাসপোর্ট বিতরণ ৬৭৩ টি, অবিতরণকৃত পাসপোর্ট ৬২৯ টি, পাসপোর্ট গ্রহণ ৭৫২ টি, বাতিলকৃত আবেদন ২৫ টি, Waiting for completion ০৫ টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন ও চলমান রাখতে হবে। | সহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫৭. | বন বিভাগ লালমনিরহাট | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র লালমনিরহাট |
| ৫৮. | বিআরটিএ লালমনিরহাট | মোটরযান পরিদর্শক, বিআরটিএ, লালমনিরহাট সভায় জানান যে, সড়ক দুর্ঘটনায় নিহত, অঙ্গহানি ও আহত হলে সরকারি সহায়তা পাওয়া যায় সে বিষয়ে প্রচার- প্রচারণা করা হয়েছে। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত মাইকিং, লিফলেট, স্টিকার বিতরণ ও ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। জুলাই মাসে সম্পাদিত দাপ্তরিক কার্যক্রম: মোটরসাইকেল রেজিস্ট্রেশন ২৯০ টি; ফিটনেস ৩২ টি; ই-ড্রাইভিং লাইসেন্স ইস্যু ১৯৮টি। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে সম্পাদন ও চলমান রাখতে হবে। | সহকারী পরিচালক বিআরটিএ লালমনিরহাট |
| ৫৯. | জেলা ক্রীড়া অফিস লালমনিরহাট | জেলা ক্রীড়া অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করা হচ্ছে। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় ২০২৬-২০২৭ এর আওতায় জেলা ক্রীড়া অফিস, লালমনিরহাট এর অনুকূলে বরাদ্দ পাওয়া যায়নি। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ এর রেজিস্ট্রেশনের সময়সীমা ০১ জুলাই হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত। সভায় নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ এর রেজিস্ট্রেশন সংখ্যা বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | ১। সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।<br>২। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ এর রেজিস্ট্রেশন সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ক্রীড়া অফিসার লালমনিরহাট |
| ৬০. | জেলা সঞ্চয় অফিস লালমনিরহাট | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, লালমনিরহাট সভায় জানান যে, জুলাই মাসে সঞ্চয়পত্র বিক্রয়- ৩,০৬,০০,০০০/- টাকা। এ পর্যন্ত বিনিয়োগ ৩,০৬,০০,০০০/- টাকা। জুলাই মাসে মুনাফা প্রদান- ৭৪,৭৬,০০০/- টাকা, এ পর্যন্ত মোট মুনাফা প্রদান- ৭৪,৭৬,০০০/- টাকা, জুলাই মাসে বিনিয়োগকারীর সংখ্যা-৪৬ জন, জুলাই মাসে উৎসে কর আদায় ৬,৭৮,০০০/- টাকা, মোট উৎস কর আদায় ৬,৭৮,০০০/- বিবেচ্য মাসে ৫০ জন নাগরিককে তথ্য সেবা প্রদান করা হয়েছে। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক জেলা সঞ্চয় অফিস লালমনিরহাট |
| ৬১. | জাতীয় মহিলা সংস্থা লালমনিরহাট | ভারপ্রাপ্ত কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়নি। | আগামী সভায় উপস্থিত থেকে দপ্তরের কার্যক্রম উপস্থাপন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা জাতীয় মহিলা সংস্থা লালমনিরহাট |
| ৬২. | জেলা শিল্পকলা একাডেমি লালমনিরহাট | জেলা কালচারাল অফিসার, লালমনিরহাট সভায় জানান যে, জেলা শিল্পকলা একাডেমির ৫ টি বিভাগের (সংগীত, নৃত্য, আবৃত্তি/নাটক, তালবাদ্যযন্ত্র এবং চারুকলা) নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | জেলা কালচারাল অফিসার লালমনিরহাট |
| ৬৩. | বাংলাদেশ শিশু একাডেমি লালমনিরহাট | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, লালমনিরহাট সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ৪+ বয়সী শিশুদের নিয়ে শিশু বিকাশ শিক্ষা কেন্দ্রে ৩০ (ত্রিশ) জন ছাত্র/ছাত্রী ও ৫+ বয়সী শিশুদের নিয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ৩০ (ত্রিশ) জন ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে। সাংস্কৃতিক প্রশিক্ষণ বিভাগে চিত্রাঙ্কন, সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগে ভর্তি কার্যক্রম চলমান। | সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬৪. | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন লালমনিরহাট | উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, লালমনিরহাট সভায় জানান যে, জেলায় ২০২৫-২০২৬ অর্থবছরে জুলাই মাসের কার্যক্রম: ১। সদস্য ভর্তি- লক্ষ্যমাত্রা ২০০ জন এবং অগ্রগতি ২০৮ জন, অগ্রগতির হার ১০৪%; ২। ঋণ গ্রহীতা- লক্ষ্যমাত্রা ৫০০ জন এবং অগ্রগতি ৫২০ জন, অগ্রগতির হার ১০৪%; ৩। ঋণ বিতরণ (কোটি টাকায়)- লক্ষ্যমাত্রা ৩.০০ এবং অগ্রগতি ৩.৩৩, অগ্রগতির হার ১১১% ৪। ঋণ আদায় (কোটি টাকায়)- লক্ষ্যমাত্রা ৩.৫০ অগ্রগতি ৩.৬৪, অগ্রগতির হার ১০৪% ৫। সঞ্চয় জমা (কোটি টাকায়)- লক্ষ্যমাত্রা ০.১০, অগ্রগতি ০.১২, অগ্রগতির হার ১২০% ৬। আদায় হার ৯৮%, অগ্রগতি ৯৮%, অগ্রগতির হার ১০০%। | ১। সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে।<br>২। ঋণ আদায়ের হার বাড়ানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন লালমনিরহাট |
| ৬৫. | জীবন বীমা কর্পোরেশন লালমনিরহাট | ম্যানেজার, জীবন বীমা কর্পোরেশন, লালমনিরহাট সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সরকারি বিধি মোতাবেক স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আজীবন পেনশন স্কিমের বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো অব্যাহত রয়েছে। | সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | ম্যানেজার জীবন বীমা কর্পোরেশন লালমনিরহাট |
| ৬৬. | শ্রম কল্যাণ কেন্দ্র লালমনিরহাট | মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, লালমনিরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করা হচ্ছে। জুলাই মাসের কার্যক্রম: পরিবার পরিকল্পনা সেবা প্রদান ১৪৫ জন, বিনোদন সেবা প্রদান-২৬৮ জন। | সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | মেডিকেল অফিসার শ্রম কল্যাণ কেন্দ্র লালমনিরহাট |
| ৬৭. | আঞ্চলিক চা বোর্ড লালমনিরহাট | ভারপ্রাপ্ত কর্মকর্তা, আঞ্চলিক চা বোর্ড, লালমনিরহাট-এর প্রতিনিধি সভায় জানান যে, সকল সরকারি অফিসে কমপক্ষে ৫ টি চা চারা বিনামূল্যে বিতরণের কাজ চলমান রয়েছে। ২০২৬ উৎপাদন মৌসুমে জুলাই ২০২৬ পর্যন্ত উৎপাদিত মোট সবুজ চা পাতার পরিমাণ ২,৪৬,৬৫৯ কেজি। জুলাই ২০২৬ মাসে মোট সবুজ চা পাতার পরিমাণ ৫২,৭০৯ কেজি। বর্তমান সবুজ চা পাতার কেজি প্রতি মূল্য ৪০/- টাকা। | সকল কার্যক্রম সরকারি বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা আঞ্চলিক চা বোর্ড লালমনিরহাট |
| ৬৮. | বিটিসিএল লালমনিরহাট | সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, লালমনিরহাট সভায় জানান যে, নিরবচ্ছিন্ন টেলিসেবা প্রদান কার্যক্রম চলমান। সকল সেবা নিরবচ্ছিন্নভাবে প্রদানের জন্য atbtcl.net.bd/motn/ সার্বক্ষণিক মনিটরিং করা হয়। | নিরবচ্ছিন্ন টেলিসেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী ব্যবস্থাপক বিটিসিএল লালমনিরহাট |
| ৬৯. | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র লালমনিরহাট | কনসালটেন্ট (ফিজিওথেরাপি), প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, লালমনিরহাট সভায় জানান যে, প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের চিকিৎসা সেবা (থেরাপি) প্রদান করা হচ্ছে। ২০২৫-২০২৬ অর্থবছরে প্রাপ্ত সহায়ক উপকরণ (হুইলচেয়ার, ট্রাইসাইকেল) জেলা স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদনের মাধ্যমে বিতরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। জুলাই মাসে ১১১ জন প্রতিবন্ধী এবং প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তিদের ৬৪৩ টি সেবা (সার্ভিস ট্রানজেকশন) প্রদান করা হয়েছে। | সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র লালমনিরহাট |

| ক্রম | বিভাগ/প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭০. | বিবিধ:<br><br>ক) জেলা পরিষদ, লালমনিরহাট এর গাছ নিলাম সংক্রান্ত। | জেলা পরিষদ, লালমনিরহাট এর ০৯ আগস্ট ২০২৬ তারিখের ৪৫৭ নং স্মারক পত্রে জেলা পরিষদ, লালমনিরহাট-এর বিভিন্ন ইউনিয়ন ফেডারেশনের সাথে চুক্তিভুক্ত গাছের তালিকা প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে বিভিন্ন জাতের সর্বমোট ১৫ টি গাছ নিলামের নিমিত্ত মাসিক সভায় অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। তালিকা নিম্নরূপ:<br>১। জেলা পরিষদ মালিকানাধীন সদর উপজেলাধীর কুলাঘাট ইউনিয়নের বেলেরভিটা জামে মসজিদ, ধাইরখাতা সংলগ্ন ঝুঁকিপূর্ণ ০১ টি পাইকর গাছ।<br>২। আদিতমারী উপজেলার দুর্গাপুরগামী রাস্তার ভালবাসার বাজার ও আমতল নামক স্থানে ০২টি ইউক্যালিপটাস গাছ।<br>৩। আদিতমারী উপজেলার দুর্গাপুর ইউনিয়নের গোবধা রাস্তার 'ছ' মিলের সামনে (বকুল ছ'মিল) ০১ টি শিমুল গাছ।<br>৪। আদিতমারী উপজেলার ভেলাবাড়ী এসএম জাহাঙ্গীর আলমের বাড়ীর পার্শ্বে ০১ টি কাঁঠাল গাছ।<br>৫। আদিতমারী উপজেলার হেলিপ্যাড যাওয়ার রাস্তায় ০১ টি কাঁঠাল গাছ।<br>৬। লালমনিরহাট সদর উপজেলাধীন নয়ারহাট বাজারের পূর্ব পার্শ্বে মন্টু মিয়ার চায়ের দোকানের পশ্চিমে উপড়ে পড়া ০১ টি রেইনট্রি গাছ।<br>৭। আদিতমারী উপজেলার সাপ্টিবাড়ী হতে নাড়িয়া বাজারগামী রাস্তার মসুর দৈলজোড়ের পার্শ্বে ০১ টি ইউক্যালিপটাস গাছ।<br>০৮। লালমনিরহাট সদর উপজেলার কুলাঘাট হতে বড়বাড়ীগামী রাস্তার টিকটিকি বাজারে পার্শ্বে ০১ টি মেহগনি ও ০১টি ইউক্যালিপটাস গাছ।<br>০৯। লালমনিরহাট সদর উপজেলা ডাকবাংলো চত্বরে ০২ টি আমগাছ ও ০২ টি লিচু গাছ।<br>১০। আদিতমারী উপজেলার ০৪নং সারপুকুর ইউনিয়ন পরিষদের গেটের উত্তর পার্শ্বে ০১ টি ঝুঁকিপূর্ণ রেইনট্রি গাছ। | ১। বিধি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>২। ০১ টি গাছের বিপরীতে ০২ টি করে গাছ রোপণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা<br>জেলা পরিষদ<br>লালমনিরহাট |
| | খ) বিদ্যুৎ ব্যবহার সাশ্রয় সংক্রান্ত। | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ শাখার ০২ জুলাই ২০২৬ তারিখ ২৭.০০.০০০০.০০০.০৫২.৩১.০১২.১১-৪৫৭ সংখ্যক স্মারক পত্রে জেলা পর্যায়ে গঠিত বিদ্যুৎ ব্যবস্থাপনা ও সাশ্রয় সমন্বয় কমিটি পুনর্গঠনপূর্বক জেলা উন্নয়ন সমন্বয় সভায় বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়টি অন্তর্ভুক্ত করা, প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচলানার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | জেলা উন্নয়ন সমন্বয় সভায় বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়টি অন্তর্ভুক্তকরণ, প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং এবং প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালানা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>লালমনিরহাট<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>লালমনিরহাট |

৩। পরিশেষে, সকল বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সংবিধানের আলোকে সচিবালয় নির্দেশমালা, ২০২৪, রুলস অব বিজনেস, ১৯৯৬ এবং অ্যালোকেশন অব বিজনেস অনুসরণ করে পত্র প্রেরণ, সরকারি নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন এবং পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম মনিটরিং করাসহ সেবার মনোভাব নিয়ে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ন করার জন্য অনুরোধ জানানো হয়।

৪। অতঃপর সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মুহঃ রাশেদুল হক প্রধান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৭৭৭
dclalmonirhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(সাধারণ শাখা)
www.lalmonirhat.gov.bd

নম্বর: ০৫.৪৭.৫২০০.০০৫.০৮.০০১.২৫- ৬৫৩ (১০০)

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. সিনিয়র সচিব, ............................................................, মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. সচিব, ..................................................................., মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর;
০৫. ....................................................................... (জেলা পর্যায়ের সকল কর্মকর্তা), লালমনিরহাট;
০৬. উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট;
০৭. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৮. জনাব ......................................................................................................., লালমনিরহাট।

(মোঃ রাসেল মিয়া)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
লালমনিরহাট
ফোন: ০২৫৮৯৯৮৬৮৬৫
adcglalmonirhat@mopa.gov.bd